

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০০৪.১৭.৯৪৭

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৪

১২ অক্টোবর ২০১৭

বিষয়: দুর্নীতি প্রতিরোধ বিষয়ক বিতর্ক প্রতিযোগিতা-২০১৭ আয়োজনের লক্ষ্যে জেলা পর্যায়ে বিতর্ক প্রতিযোগিতার দল নির্বাচন ও প্রতিযোগিতা আয়োজন।

সূত্র: দুদক/প্রতিরোধ/বিতর্ক/১৭/২০১৭/২৭৮৬৯(৬৬২), তারিখ: ১৮.৯.২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণসচেতনতা সৃষ্টি ও দুর্নীতি প্রতিরোধে আগামী প্রজন্মকে সম্পৃক্ত করতে এবং তাদের মাঝে আদর্শ, নৈতিকতা ও মূল্যবোধ সৃষ্টির লক্ষ্যে দুর্নীতি দমন কমিশন স্কুল, মাদ্রাসা ও কলেজে গঠিত সততা সংঘের সদস্য ও অন্যান্য ছাত্র-ছাত্রীদের নিয়ে বিগত বছরের ন্যায় দেশব্যাপী দুর্নীতি প্রতিরোধ বিষয়ক বিতর্ক প্রতিযোগিতা-২০১৭ আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত বিতর্ক প্রতিযোগিতা সফলভাবে সম্পন্ন করার নিমিত্ত জেলা সদর ও উপজেলা পর্যায়ে উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের মধ্য হতে জেলা পর্যায়ে 'মাধ্যমিক ও সমপর্যায়ের' জন্য একটি দল এবং 'উচ্চ মাধ্যমিক ও সমপর্যায়ের' জন্য অপর একটি দল জেলা প্রশাসক এর নেতৃত্বে গঠনপূর্বক বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, দুর্নীতি প্রতিরোধ বিষয়ক বিতর্ক প্রতিযোগিতা-২০১৭ আয়োজনের লক্ষ্যে জেলা পর্যায়ে বিতর্ক প্রতিযোগিতার দল নির্বাচন ও প্রতিযোগিতার বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদানে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২.১০.২০১৭

সালমা জাহান

যুগ্ম-সচিব

ফোন: ৯৫৫০৩৪১

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা

ইমেইল: ds_sec2@moedu.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০০৪.১৭.৯৪৭/১(৭)

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৪

১২ অক্টোবর ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা
- ২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/দিনাজপুর/যশোর/কুমিল্লা/সিলেট/বরিশাল।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) জেলা শিক্ষা অফিসার,(সকল)
- ৬) উপজেলা শিক্ষা অফিসার,(সকল)।
- ৭) অধ্যক্ষ/প্রধান শিক্ষক,(সকল)।।

১২.১০.২০১৭

সালমা জাহান

যুগ্ম-সচিব